

বাজারে আসা প্রয়োজনীয় কিছু অ্যাপ

আনোয়ার হোসেন

অ্যান্ড্রয়ড অ্যাপের বাজার এমনিতেই অনেক বড়, তার ওপর প্রতি মাসে বিশাল সংখ্যায় অ্যাপ ও গেম রিলিজ হচ্ছে। প্রতিটি নতুন রিলিজ হওয়া অ্যাপ ও গেম চেক করে দেখা এক কথায় অসম্ভব। বরাবরের মতোই আমরা সেই কঠিন কাজটি সহজ করার চেষ্টা করেছি এবং আপনাদের জন্য গত মাসের সেরা কিছু অ্যান্ড্রয়ড অ্যাপের তালিকা নিয়ে হাজির হয়েছি।

আক্স ব্যাটারি



এই অ্যাপটিকে বলা যায় ফোনের ব্যাটারির ডাক্তার। বলা হয়ে থাকে, ফোনে ৮০ শতাংশের বেশি চার্জ দেয়া উচিত নয়।

কেননা, প্রতিটি চার্জিং সেশনে ব্যাটারির ওপর ধকল যায়। তাই ফোনে ৮০ শতাংশের বেশি চার্জ না দেয়ার কথা সুপারিশ করা হয়ে থাকে। কিন্তু ফোনে কখন ৮০ শতাংশ চার্জ হবে, তার জন্য একজন ব্যবহারকারী কি ফোনের পাশে সারাক্ষণ বসে থাকবেন? এটা সমস্যার সমাধান নয়। ব্যাটারির এ সমস্যা সমাধানে এগিয়ে এসেছে আক্স। ব্যাটারির চার্জ ৮০ শতাংশ হলেই এটি ফোন ব্যবহারকারীকে অ্যালার্ম বাজিয়ে জানিয়ে দেবে। ব্যাটারির অ্যালার্ম বাজা ছাড়াও এই অ্যাপের আছে বেশ কিছু দরকারি ফিচার। ব্যাটারিতে কতটা চার্জ আছে এবং কোন অ্যাপ কতটা চার্জ খরচ করছে, সব কিছু এই অ্যাপে গ্রাফিক্স ইমেজের মাধ্যমে দেখা যাবে। তা ছাড়া এই অ্যাপ দিয়ে ব্যাটারি চার্জিং ও ডিস চার্জিংয়ের গতি পরিমাপের সাথে সাথে ব্যাটারির স্বাস্থ্য চেক করা যাবে।

কি ম্যাপার



ফোনের হার্ডওয়্যার কিগুলোর সাধারণ ফাংশনের বাইরে

কিছু করতে চাইলে ‘কি ম্যাপার’ সবচেয়ে ভালো উপায়। অ্যাপটি হার্ডওয়্যার নেভিগেশন কিগুলোকে রিম্যাপ করে ও সেগুলো দিয়ে নির্দিষ্ট কাজ করতে পারবেন। যেমন- হোম বাটনে ট্যাব আপনাকে হোম স্ক্রিনে নিয়ে যাবে, আবার ডাবল ট্যাব খুলে দেবে ক্যালেন্ডার অ্যাপ। আর লং প্রেস খুলবে নেভিগেশন শেড। বর্তমানে এই অ্যাপটি তিন ধরনের বাটন সাপোর্ট করে। যেমন- হোম, রিসেন্ট ও ব্যাক। তবে দরকারি একটি বাটন ভলিউম কি এখনও এই অ্যাপে কাজ করে না। ম্যাপ ম্যাপার দিয়ে আপনি প্রতি বাটনে দুটি অ্যাকশন বা কাজ ঠিক করে দিতে পারেন। আগেই বলা হয়েছে, এই অ্যাপটি ফোনের হার্ডওয়্যার কিগুলোতে কাজ করে। তাই হার্ডওয়্যার কি নেই, এমন সব স্মার্ট ফোনের জন্য এই অ্যাপ নয়।

ভোলকি : ভলিউম কি স্ক্রলিং



ভলিউম কি দিয়ে সাধারণ ভলিউম নিয়ন্ত্রণ করা হয়। তবে এখন থেকে ভোলকি স্ক্রল দিয়ে কোনো পেজে স্ক্রলিংও

করা যাবে। যেসব ফোন ব্যবহারকারী এক হাত দিয়ে তাদের ডিভাইস অপারেট করতে অভ্যস্ত, তাদের জন্য এই অ্যাপটি হতে পারে আদর্শ। ব্যবহারকারীকে যা করতে হবে তা হচ্ছে- অ্যাপটিকে কোন ফাংশনে কাজ করাতে চান, তা ঠিক করে দেয়া। এরপর সেটিং সেভ করে দিলেই হবে। অ্যাপে একটি গ্লোবাল অ্যাক্টিভেশন সুইচ আছে, যা দিয়ে ডিভাইসে ইনস্টল হওয়া সব অ্যাপের ফাংশনালিটি এনাল করে দেয়া যায়।

মিটেওর : অ্যাপ স্পিড টেস্ট



কিছুটা টুইস্টের মাধ্যমে স্পিড টেস্ট করে মিটেওর অ্যাপটি। এই অ্যাপের মাধ্যমে ডাটা স্পিড

ম্যাপার সাথে সাথে এটি ব্যবহারকারীকে জানিয়ে দেবে এই গতিতে কী কী কাজ করা যেতে পারে। অ্যাপে স্পিডকে রেটিং করা যায়, যেখানে ভালো গতিকে বলা হচ্ছে অসাম আর বাজে গতিকে বলা হচ্ছে পুওর। এতে আছে ভিন্ন ভিন্ন ১৬টি অ্যাপ। যাদের অন্যতম হচ্ছে ইউটিউব, ফেসবুক ও গুগল ক্রোম। এই অ্যাপের সাহায্যে ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন জায়গায় নেটওয়ার্কের গতি পরিমাপ করা যায়।

নোগাট কুইক সেটিংস



কুইক সেটিংস মেনু খুব দরকারি একটি বিষয়। কিন্তু কেউ যদি এর কাছ থেকে বেশি কিছু আশা করে, তখন কী হবে? যেমন- মেনু থেকে সরাসরি একটি অ্যাপ চালু করা গেলে কেমন হয়।

নোগাট কুইক সেটিংস অ্যাপটি কুইক সেটিংস মেনুকে আরও শক্তিশালী করার সাথে সাথে ব্যবহারকারীকে আরও বেশি কিছু করার সুযোগ করে দেয়। অ্যাপটি চালু করে অ্যাপ্লিকেশন সুইচ অন করতে হবে।

গ্লাসওয়ার : ডাটা ইউজ প্রাইভেসি



ডাটা ব্যবহারের ওপর মনিটর করার অ্যাপ গ্লাসওয়ার।

রিয়াল টাইমে এই অ্যাপ আপনার নেটওয়ার্ক ডাটার ওপর মনিটর করবে এবং ঠিক কোন অ্যাপটি কখন কত ডাটা ব্যবহার করেছে তার হিসাব দেবে। ফলে একজন ব্যবহারকারী পরিষ্কার ধারণা পাবেন মূল্যবান ডাটা কীভাবে ব্যবহার হচ্ছে। মাসের মাঝখানে ডাটা প্যাক ফুরিয়ে গেলে কে এর জন্য দায়ী, তা জানতে ইনস্টল করে নিতে পারেন এই অ্যাপটি। ডাটা ব্যবহারের ওপর গ্রাফ উপস্থাপনের মাধ্যমে অ্যাপটি জানিয়ে দেয় ডাটা কোথায়

কোথায় ব্যবহার হচ্ছে। গ্রাফটি ব্যবহারে নিজের পছন্দ মতো কাস্টমাইজ করে নেয়া যাবে।

টাইটান অ্যাটাকস



এবার আশা যাক সম্প্রতি রিলিজ হওয়া গেম নিয়ে। জনপ্রিয়

গেমগুলোর অন্যতম হচ্ছে স্পেস ইনভেডার ধরনের গেমগুলো। এরকম একটি গেম হচ্ছে টাইটান অ্যাটাকস। এই গেমের পৃথিবীতে আক্রমণের জন্য প্রস্তুত থাকা একদল এলিয়েনকে গুলি করতে হবে। এই গেমের লেভেল পার হওয়ার সাথে সাথে এলিয়েনদেরও লেভেল বাড়তে থাকবে। তাই উপরের লেভেলে গেলে দেখা যাবে বিশাল সব মাদার শিপ ও বোমারু এলিয়েনদের। এলিয়েনদের শিপ আক্রমণ করলে পয়েন্ট পাওয়া যাবে, যা দিয়ে খেলোয়াড় তার নিজের শিপের মেরামত ও আপগ্রেড করতে পারবেন। গেমটি এমনিতে ফ্রি, তবে গেমের মাঝে অ্যাড চলবে।

এনার্জি বার



আপনার স্মার্ট ফোনে চার্জ কতটুকু আছে, তা বোঝার জন্য ফোন স্ক্রিনের

ওপর নজর রাখতে হয়। আর ফোনের কোণে ব্যাটারির চার্জের ইনডিকেটর এত ছোট যে, খুব মনোযোগ দিয়ে না দেখলে বোঝার উপায় নেই কতটুকু চার্জ বাকি আছে। আর সেটা না বোঝার কারণে অনেক সময় অনেক দরকারি মুহুর্তে ফোনের চার্জ ফুরিয়ে বন্ধ হয়ে যায়। এই সমস্যার সমাধান হতে পারে এনার্জি বার অ্যাপটির মাধ্যমে। এর মাধ্যমে ব্যাটারির চার্জ কতটুকু বাকি আছে, এই তথ্য স্ক্রিনের ওপর লম্বা এনিমেটেড বারের মাধ্যমে দেখা যায়। ব্যাটারিতে কতটুকু চার্জ আছে তাই নয়, এর মাধ্যমে ফোন চার্জ দেয়া হলে কত পরিমাণ চার্জ হয়েছে তাও দেখায়। অ্যাপে নিজের ইচ্ছেমতো কাস্টমাইজ করার সুযোগ রাখা হয়েছে।

ফিডব্যাক :

hossain.anower099@gmail.com